

বুয়েটের ভর্তি পরীক্ষা আজ

অনলাইন ডেস্ক

প্রকাশিত: ১১:১৪, ৯ মার্চ ২০২৪; আপডেট: ১১:১৫, ৯ মার্চ ২০২৪



ভর্তি পরীক্ষা

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) ভর্তি পরীক্ষা আজ শনিবার অনুষ্ঠিত হবে। আজকে পরীক্ষার্থীরা প্রাক-নির্বাচনী পরীক্ষায় মেধার ভিত্তিতে নির্বাচিত হয়ে মূল ভর্তি পরীক্ষায় অংশ নেবেন। ভর্তির জন্য নির্বাচিত ও অপেক্ষমাণ প্রার্থীদের নামের তালিকা ৩১ মার্চ প্রকাশ হতে পারে।

UNIBOTS

মূল ভর্তি পরীক্ষা কবে

৯ মার্চ ২০২৪, শনিবার, (মডিউল 'A': গ্রুপ 'ক' এবং 'খ' উচ্চতর গণিত, পদার্থবিজ্ঞান এবং রসায়ন, সকাল ১০টা থেকে দুপুর ১২টা) এবং (মডিউল B: 'খ' গ্রুপ মুক্তহস্ত অঙ্কন (Freehand Drawing) এবং দৃষ্টিগত ও স্থানিক ধীশক্তি (Visual Spatial Intelligence) বেলা ২টা থেকে বেলা ৩টা ৩০ মিনিট। ভর্তির জন্য নির্বাচিত ও অপেক্ষমাণ প্রার্থীদের নামের তালিকা প্রকাশে সম্ভাব্য তারিখ: ৩১ মার্চ ২০২৪।

মোট আসন সংখ্যা কত

পার্বত্য চট্টগ্রাম ও অন্যান্য এলাকার ক্ষুদ্র জাতিগোষ্ঠীভুক্ত প্রার্থীদের জন্য প্রকৌশল বিভাগসমূহ ও নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের জন্য মোট ৩টি এবং স্থাপত্য বিভাগে ১টি সংরক্ষিত আসনসহ সর্বমোট আসনসংখ্যা